# প্রচলিত শিক্ষায় বিঘ্ন/অসঙ্গতি রয়েছে এমন শিক্ষার্থীদের (SIFE) জন্য রাইটিং স্ক্রিনার সংক্রান্ত নির্দেশাবলী

## রাইটিং স্ক্রিনার সংক্রান্ত নির্দেশাবলী

এই মাতৃভাষা বা প্রাথমিক ভাষার রাইটিং স্ক্রিনার এর উদ্দেশ্য হল প্রচলিত শিক্ষায় বিঘ্ন/অসঙ্গতি রয়েছে এমন সম্ভাব্য শিক্ষার্থীদের (Students with Interrupted/Inconsistent Formal Education, SIFE) লেখার দক্ষতার একটি সাধারণ ধারণা পাওয়া। স্ক্রিনারটি কোনো একজন বা গ্রুপের মধ্যে করা যাবে এবং শিক্ষার্থীদেরকে তাদের লেখা সম্পূর্ণ করার জন্য সর্বোচ্চ 15 মিনিট সময় দেওয়া উচিত। এই স্ক্রিনারের ফলাফল সম্ভাব্য SIFE শিক্ষার্থীদের লেখার ক্ষমতা নির্ধারণ করার অন্যান্য মূল্যায়নের সাথে ব্যবহার করা উচিত, যা উপযুক্ত লেখার নির্দেশ নির্ধারণ করার প্রতি চালিত করতে পারে।

## পরিচালনার নির্দেশাবলী:

স্ক্রিনার পরিচালনা করার আগে, মাতৃভাষা সম্পর্কিত প্রশ্নাবলীতে (Home Language Questionnaire, HLQ) যেমন উল্লেখ করা আছে সেই অনুসারে মাতৃভাষা বা প্রাথমিক ভাষা সনাক্ত করুন। বর্তমানে স্ক্রিনার এইসব ভাষায় প্রদান করা হয়েছে:

- আরবি
- বাংলা
- বর্মিজ
- চাইনিজ
- ফরাসি
- ফুলানি
- হাইতিয়ান ক্রেওল
- মাই মাই
- নেপালি
- রাশিয়ান
- এস'গেও ক্যারেন
- সোমালি
- স্প্যানিশ
- সোয়াহিলি
- উর্দু

1. যদি কোন শিক্ষার্থী উপরে উল্লিখিত ভাষা ছাড়া অন্য কোনো ভাষায় লেখে, তাহলে তারা ইংরেজি প্রম্পট এবং নির্দেশাবলী ব্যবহার করে সেই ভাষায় লিখতে পারে যা তাদের মাতৃ বা প্রাথমিক ভাষায় মৌখিকভাবে অনুবাদ করা হয়েছে। মনে রাখবেন স্ক্রিনারের ইংরেজি সংস্করণই কেবল অনুবাদের উৎস হিসেবে ব্যবহার করা হবে এবং শিক্ষার্থীদের ইংরেজিতে পরিচালনা করা উচিত হবে না।

2. নির্দেশক শিক্ষার্থীর মৌলিক বিবরণ ক্ষেত্রগুলি (নাম, আসার তারিখ, ভর্তির তারিখ ইত্যাদি) পূরণ করতে পারেন। যে কোন মৌখিক নির্দেশাবলী শিক্ষার্থীর মাতৃ বা প্রাথমিক ভাষায় প্রদান করতে হবে।

3. শিক্ষার্থীদের জানান যে তাদেরকে তাদের মাতৃভাষায় বা প্রাথমিক ভাষায় লিখতে হবে। তাদেরকে বলুন যে এটা কোন পরীক্ষা নয়, কিন্তু তাদেরকে তাদের সেরাটা দিতে উৎসাহ দিন।

4. আপনি কাজটি সম্পর্কে প্রাথমিক প্রশ্নের উত্তর দিতে পারেন, কিন্তু ধারণার পরামর্শ, ব্যাখ্যা করা থেকে বিরত থাকুন অথবা অন্যথায় শিক্ষার্থীদের স্পষ্টভাবে সহায়তা করা থেকে বিরত থাকুন। এই কাজটির সময় শিক্ষার্থীদের অভিধান ব্যবহার করা উচিত নয়।

5. শিক্ষার্থীদের যতটা সম্ভব লেখার জন্য উৎসাহিত করতে হবে এবং প্রয়োজনে অতিরিক্ত পৃষ্ঠা দিতে হবে।

6. শিক্ষার্থীর লেখার মূল্যায়ন অবশ্যই শিক্ষার্থীর ভাষা মাতৃভাষা হিসেবে ব্যবহার করেন এমন কারো করা উচিত।

7. অনুগ্রহ করে মনে রাখবেন যে SIFE লেখার স্ক্রিনারের ফলাফল SIFE স্থিতির একটি নির্দেশ নয়।



Bengali Version- 10.2018

**স্কোরের নির্দেশাবলী:**

শিক্ষার্থীর কাজ সম্পূর্ণ হওয়ার পর, স্কোর প্রদানকারী নির্ধারণ করা উচিত যে প্রতিটি বিভাগের (বিষয়বস্তু, গুছিয়ে লেখা, লেখার ধরন ও অভিব্যক্তি, ভাষার মান ও জটিলতা) জন্য কোন স্তরটি শিক্ষার্থীর লেখাকে সেরাভাবে বর্ণনা করে। দক্ষতার স্তর (0 - 3) যা প্রায়ই শিক্ষার্থীর লেখাকে প্রকাশ করে তা বিধি মেনে শিক্ষার্থীর সামগ্রিক স্কোর নির্ধারণ করে।

উদাহরণস্বরূপ, একটি ছাত্র যে বিষয়বস্তু, গুছিয়ে লেখা ও লেখার ধরন ও অভিব্যক্তিগুলির জন্য স্কোর 3 পায় এবং ভাষাটির মান ও জটিলতার জন্য স্কোর 2 পায়, তার সামগ্রিক স্কোর হবে 3।

অনুগ্রহ করে মনে রাখবেন যে রাইটিং স্ক্রিনার এর ফলাফল হল একটি ডেটা পয়েন্ট যা সম্ভাব্য SIFE শিক্ষার্থীদের লেখার ক্ষমতা নির্ধারণ করার অন্যান্য পদ্ধতির সাথে সমন্বিতভাবে ব্যবহার করা উচিত।

| ্রাইটিং স্ক্রিনারে শিক্ষার্থীর স্কোরের ব্যাখ্যা | |
|---|---|
| **অধিকাংশ 3** | শিক্ষার্থী তার লেখার ক্ষমতায় যথেষ্ট সঙ্গতি দেখিয়েছেন। |
| **অধিকাংশ 1 এবং 2** | শিক্ষার্থী তার লেখার ক্ষমতায় মাঝারি মানের সঙ্গতি দেখিয়েছেন। |
| **অধিকাংশ 0** | শিক্ষার্থী তার লেখার ক্ষমতায় ন্যূনতম সঙ্গতি দেখিয়েছেন। |

| নাম: | | বয়স: |
|---|---|---|
| তারিখ: | মাতৃভাষা: | |
| মার্কিন যুক্তরাষ্ট্রে আসার দিন: | নিজের দেশ: | |

তোমার লেখার শিরোনাম: ________________________________

**প্রম্পট**

এই কাজের জন্য, তোমার পছন্দের খেলার নাম লেখ। তোমার পছন্দের খেলা সম্পর্কে একটি বা দুটি অনুচ্ছেদ লিখতে নিচের খালি স্থান ব্যবহার করো:

তোমার লেখায় এগুলো যোগ করতে ভুলো না:

- ☐ তোমার পছন্দের খেলা
- ☐ কীভাবে খেলাটা খেলতে হয়
- ☐ খেলাটা সম্পর্কে বিস্তারিত বিবরণ
- ☐ খেলাটা যেভাবে খেলতে হয় তা সম্পর্কে তোমার কোন কিছু মনে থাকলে লেখ
- ☐ কেন এই খেলাটা তোমার কাছে সব থেকে প্রিয়

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

____________________________________________________________________________

## রাইটিং স্ক্রিনারের বিধি

| | 3 | 2 | 1 | 0 |
|---|---|---|---|---|
| **বিষয়বস্তু** | স্পষ্ট এবং বর্ণনা মূলক লেখা যেখানে মূল বিস্তারিত বিবরণ থাকে এবং পাঠকের সঙ্গে সংযোগ স্থাপন করে। কাজটির জটিল চিন্তা ভাবনা প্রদর্শন করে। | বিষয়বস্তু স্পষ্ট হলেও বিশদ বিবরণের অভাব আছে। কাজের বিষয়টি যে স্পষ্টভাবে বোঝা গেছে তা প্রদর্শন করে। | ন্যূনতম বিশদ বিবরণ প্রদান করা হয়েছে, অপ্রাসঙ্গিক বিশদ বিবরণ অন্তর্ভুক্ত থাকতে পারে। কাজের বিষয়টি সীমিতরূপে বোঝা গেছে তা প্রদর্শন করে। | লেখার বিষয়টি অপ্রাসঙ্গিক অথবা খুবই সামান্য থেকে মোটেই প্রাসঙ্গিক বিবরণ নেই। কাজের বিষয়ে খুব সামান্য থেকে মোটেও বোঝা যায় নি তা প্রদর্শন করে। |
| **গোছানো** | লেখাটা যুক্তিসিদ্ধ এবং স্পষ্টভাবে বোঝা যাচ্ছে, সাথে ধারণার যুক্তিযুক্ত প্রবাহ বিদ্যমান। | লেখাটা বর্ণনামূলক অসংলগ্ন হতে পারে কিন্তু পাঠক এখনও উদ্দীষ্ট অর্থ বুঝতে সক্ষম। লেখাটা কিছুটা বিশৃঙ্খল এবং/অথবা ন্যূনতমরূপে গড়ে উঠেছে। | লেখাটা বিশৃঙ্খল এবং অনুন্নত। লেখাটা বোঝা কঠিন এবং ধারণার গঠন বোধগম্য নয়। | লেখাটার কোন মানে নেই। একটি অংশ প্রম্পটের প্রতিলিপি হতে পারে। |
| **লেখার ধরন ও অভিব্যক্তি** | ব্যকরণের ব্যবহার বর্ণনা এবং লেখার সাবলীলতা সমৃদ্ধ করেছে। বানান ভুল থাকলেও, বুঝতে অসুবিধা হচ্ছে না। লেখার রীতি নীতি ভালো করে মেনে চলা হয়েছে। | ব্যকরণের কারণে মানে বিভ্রান্ত হতে পারে। লেখার ভুল রীতি ও বানান ভুলের কারণে বুঝতে সমস্যা হতে পারে। | ব্যকরণে অজস্র ভুল, লেখার রীতি ও বানান ভুলের কারণে বোঝা যায় না। | ব্যকরণের ভুল ব্যবহার ও বানান ভুলের কারণে মানে বোঝা যায় না। লেখার কোনো রীতিনীতির ব্যবহার নজরে পড়ে না। |
| **ভাষার মান ও জটিলতা** | শব্দভান্ডার এবং বাক্য গঠন ভিন্ন এবং উপযুক্ত। | শব্দভান্ডার এবং বাক্যগঠন উপযুক্ত। | শব্দভান্ডার এবং বাক্যগঠন শিক্ষার্থীদের জন্য উপযুক্ত নয়। ঘন ঘন ভুলের কারণে মানে বোঝা যায় না। | শব্দভান্ডার এবং বাক্য গঠন দুর্বোধ্য বা অস্পষ্ট। কোনো প্রতিক্রিয়া নাও থাকতে পারে। |